প্রধানমন্ত্রীর গাড়িবহরে হামলার প্রধান আসামি গ্রেপ্তার

সাতক্ষীরায় প্রধানমন্ত্রীর গাড়িবহরে হামলার প্রধান আসামিকে গ্রেপ্তার করা হয়েছে। চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার মোহাম্মদপুর এলাকায় অভিযান চালিয়ে গতকাল শনিবার (২ সেপ্টেম্বর) দিবাগত রাত ২টার দিকে তাকে গ্রেপ্তার করে র্যাব।

গ্রেপ্তার আলাউদ্দিনক (৪৩) সাতক্ষীরার কলারোয়া থানার কিসমত ইলিশপুর গ্রামের মৃত মোকছেদ আলীর ছেলে।

ঝিনাইদহ র্যাব-৬-এর কমান্ডিং অফিসার মো. ইশতিয়াক হোসাইন জানান, র্যাবের একটি গোয়েন্দা দল পলাতক আসামিদের গ্রেপ্তারের লক্ষ্যে গোয়েন্দা তৎপরতা শুরু করে। এরই ধারাবাহিকতায় গতকাল শনিবার দিবাগত রাতে র্যাবের একটি চৌকস আভিযানিক দল গোয়েন্দা তথ্যের ভিত্তিতে জানতে পারেন প্রধানমন্ত্রীর গাড়ি বহরে হামলাকারী ১৬ বছরের সাজাপ্রাপ্ত আসামি আলাউদ্দিন চুয়াডাঙ্গার দর্শনা থানার মোহাম্মদপুর এলাকায় আত্মগোপনে রয়েছে। এমন সংবাদের ভিত্তিতে ওই এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়।

২০০২ সালের ৩০ আগস্ট তৎকালীন বিরোধী দলীয় নেত্রী বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা ধর্ষণের শিকার এক নারীকে দেখতে সাতক্ষীরা সদর হাসপাতালে আসেন। ভুক্তভোগীকে সান্ত্বনা দিয়ে ফেরার পথে সাতক্ষীরা জেলার কলারোয়া থানা এলাকায় সন্ত্রাসীরা পথরোধ করে তাকে (শেখ হাসিনা) হত্যার উদ্দেশ্যে আগ্নেয়াস্ত্র, হাত বোমাসহ গাড়িবহরে হামলা চালায়। গ্রেপ্তার আসামি আলাউদ্দিন ওই হামলার পরিকল্পনাকারী ও বিস্ফোরক বহনকারীদের মধ্যে অন্যতম।

আরও পড়ুন প্রধানমন্ত্রীর গাড়িবহরে হামলাকারী কে এই আলাউদ্দিন

[redacted]

[redacted]

[redacted]

[